বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## ডিসেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২৩ ডিসেম্বর ২০২৫
সময় : দুপুর ২.৩০ মিনিট
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম, লেভেল-৬, বাপেক্স ভবন, ঢাকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর সভায় প্ল্যানিং অ্যান্ড আইসিটি বিভাগে কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ হাবিবুর রহমান আকন্দের মৃত্যুতে শোক প্রকাশ করা হয় এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়। বাপেক্সে তাঁর অবদানের কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব নভেম্বর ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোনো মতামত ও সংশোধনের প্রয়োজন আছে কি না, তা জানতে চান। কোনো মতামত ও সংশোধন না থাকায় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে একমত প্রকাশ করেন। | নভেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২। | জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্ল্যানিং অ্যান্ড আইসিটি) সভায় জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের ডিপিপি কোম্পানির ৫০৯তম পর্ষদ সভায় অনুমোদন শেষে প্রয়োজনীয় সংশোধনপূর্বক পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ভূমি হুকুমদখলের বিষয়টি ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে জেলা প্রশাসক, জামালপুরের সাথে সাক্ষাৎ করা হবে। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। বর্তমানে প্রসেস প্ল্যান্টটি অন্য স্থাপনায় রয়েছে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দ্রুততম সময়ের মধ্যে প্রসেস প্ল্যান্ট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের ডিপিপির বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার এবং ভূমি হুকুমদখলের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের ডিপিপি-এর বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। জামালপুর-১ কূপ হতে গ্যাস উৎপাদন কার্যক্রম শুরু করার লক্ষ্যে প্রসেস প্ল্যান্ট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ভূমি হুকুমদখলের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রকল্প ব্যবস্থাপক, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন প্রকল্প<br>২। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ শেষ হবে। উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে গত ২৮-১২-২০২৫ তারিখে ডিজাইন এবং ড্রয়িং দাখিল করা হয়েছে এবং আগামী ১৫.০১.২০২৬ তারিখে ঠিকাদার কাজ সম্পাদনের লক্ষ্যে ভোলায় অবস্থান করবে। ফলে, দ্রুত ভূমি অধিগ্রহণ করা না গেলে নির্ধারিত সময়ের মধ্যে গ্যাস গ্যাদারিং লাইন স্থাপন করা চ্যালেঞ্জিং হবে। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ সংক্রান্ত উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে ভোলায় সরেজমিন পরিদর্শন করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করার পরামর্শ প্রদান করেন এবং গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ সরেজমিন পরিদর্শনপূর্বক দ্রুত সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। | ১। প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে।<br>২। গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ কার্যক্রম সরেজমিন পরিদর্শনপূর্বক দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে।<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করতে হবে। | ১। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৪। | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্ল্যানিং অ্যান্ড আইসিটি) জানান যে, ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রস্তুতকৃত ডিপিপি কোম্পানির পরিচালনা পর্ষদের ৫১১তম সভায় উপস্থাপন করা হবে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রকৌশল) নতুন রিগ ক্রয়ের উদ্যোগকে প্রশংসা করেন এবং বাপেক্সের সকল রিগ যথাযথভাবে ব্যবহারের জন্য পর্যাপ্ত জনবলের প্রয়োজনীয়তার বিষয়টি তুলে ধরেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক জানান যে, বর্তমানে সাংগঠনিক কাঠামোতে বাপেক্সের ৩টি রিগের জন্য জনবলের সংস্থান আছে। আরও ২টি রিগ ক্রয়ের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন)-এর তদারকিতে প্রয়োজনীয়তার নিরিখে বাপেক্সের অর্গানোগ্রামের খসড়া তৈরির কাজ চলছে। ব্যবস্থাপনা পরিচালক ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে ডিপিপি পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে পেট্রোবাংলায় প্রেরণ করার পরামর্শ প্রদান করেন এবং বাপেক্সের বর্তমান সাংগঠনিক কাঠামো অনুযায়ী মোট নিয়োগযোগ্য শূন্যপদ নির্ধারণ করে একটি প্রস্তাবনা তৈরি করার নির্দেশনা প্রদান করেন। | ১। ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে ডিপিপি পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।<br>২। বাপেক্সের বর্তমান সাংগঠনিক কাঠামো অনুযায়ী মোট নিয়োগযোগ্য শূন্যপদ নির্ধারণ করে একটি পূর্ণাঙ্গ প্রস্তাবনা তৈরি করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | প্রকল্প ব্যবস্থাপক জানান যে, গভীর কূপ খনন প্রকল্পের ডিপিপি ১ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত একনেক (ECNEC) সভায় অনুমোদিত হয়েছে। বর্তমানে Notification of Award (NoA) প্রদানের জন্য কাজ চলমান আছে। তিনি আরও জানান যে, প্রকল্পের কাজ বাস্তবায়নের লক্ষ্যে রাস্তা তৈরির কাজ চলমান রয়েছে। CCDC কর্তৃক প্রকল্পের কাজ শুরুর পূর্বেই রাস্তা তৈরির কাজ সম্পন্ন হবে বলে তিনি আশা প্রকাশ করেন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, ফেঞ্চুগঞ্জ | ১। দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে NOA প্রদান করতে হবে।<br>২। CCDC কর্তৃক কূপ খনন কার্যক্রম শুরু করার পূর্বেই রাস্তা এবং সাইট (Site) প্রস্তুত করতে হবে। | ১। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সাউথ-১ কূপ খনন এলাকায় পূর্ত কাজের দরপত্র আহ্বান করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক CCDC-কে Notification of Award (NoA) প্রদান ও কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া, CCDC কর্তৃক কূপ খননের প্রস্তুতি শুরুর লক্ষ্যে তারা আসার পূর্বেই রাস্তা ও সাইট (Site) প্রস্তুত রাখা এবং বাপেক্স ও জেলা প্রশাসকের কার্যালয়, সিলেটের সমন্বয়ে চা বাগানের মালিকপক্ষ হতে দাবিকৃত ক্ষতিপূরণ কমানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ৩। ভূমি হুকুমদখল প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৬। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্ল্যানিং অ্যান্ড আইসিটি) জানান যে, '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপি (DPP) পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পুনর্গঠন করে ২৯-১২-২০২৫ তারিখে পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপির বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপির (DPP) বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |
| ৭। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) জানান যে, বাপেক্সে বর্তমানে মোট ৩০৪টি (Non-SFI ৬৩টি, SFI ২১৭টি, সংকলনভুক্ত ও পিএ কমিটি ২৪টি) অডিট আপত্তি রয়েছে। নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা আয়োজনের চেষ্টা অব্যাহত আছে। পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী বাপেক্সের অডিট আপত্তিসমূহের ক্যাটাগরি নির্ধারণের কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান যে, বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সাথে একটি ফলপ্রসূ সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় অডিট আপত্তিসমূহের ব্যাখ্যা ও মতামত প্রদান করা হয়েছে। ফলে, আরও কিছু অডিট আপত্তি নিষ্পত্তি হবে বলে আশা করা যায়। ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা কমানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা এবং অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নথি উপস্থাপনের পরামর্শ প্রদান করেন। | ১। নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা হ্রাস করতে হবে।<br>২। অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৮। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, সেমুতাং-৬ কূপের রিগ স্থানান্তরের কাজ ডিসেম্বর ২০২৫-এ শেষ হবে। পরবর্তীতে কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত অনুযায়ী কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। সভায় দ্রুততম সময়ের মধ্যে কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপের | ১। কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ওয়ার্কওভার এলাকায় স্থানান্তর এবং আনুষঙ্গিক পূর্ত কাজ সম্পন্নের বিষয়ে একমত প্রকাশ করা হয়। | | |
| ০৯। | বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তর | উপমহাব্যবস্থাপক (ভান্ডার) জানান যে, বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তরের জন্য গঠিত কমিটির তত্ত্বাবধানে ইতোমধ্যে দুই ট্রিপ অকেজো মালামাল রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তর করা হয়েছে। উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও প্রকল্প ব্যবস্থাপক জানান যে, অবশিষ্ট ০৬ ট্রিপ অকেজো মালামাল কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১-এ স্থানান্তর করা হবে। মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, বিজিএফসিএল-এর অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত খসড়া নীতিমালার আলোকে বাপেক্সের জন্য একটি নীতিমালা প্রণয়ন করার কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত বাপেক্স ভবনের অবশিষ্ট অকেজো মালামাল স্থানান্তর করার এবং বিজিএফসিএল-এর অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালা অনুসরণপূর্বক বাপেক্সের জন্য একটি নীতিমালা প্রণয়নপূর্বক পরিচালক পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্সের অকেজো মালামাল দ্রুত অপসারণ বা স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বিজিএফসিএল এর অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালার আলোকে বাপেক্সের জন্য একটি নীতিমালা প্রণয়নপূর্বক পরিচালক পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা) ও উপমহাব্যবস্থাপক (ভান্ডার)<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১০। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সেমুতাং-৬ কূপে যাতায়াতের রাস্তার কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে রিগ স্থানান্তর চলমান রয়েছে, যা অতি শীঘ্রই সম্পন্ন হবে। ব্যবস্থাপনা পরিচালক সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় রিগ ও খনন সংক্রান্ত মালামাল স্থানান্তরের কাজ ৩১ ডিসেম্বর ২০২৫-এর মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ১। দ্রুততম সময়ের মধ্যে সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১১। | সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত মোতাবেক বিয়ানীবাজার কূপের ওয়ার্কওভার সম্পন্ন শেষে সুন্দলপুর-৩ কূপের ওয়ার্কওভার এলাকায় আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ স্থানান্তর করা হবে। সভায় সুন্দলপুর-৩ কূপের ওয়ার্কওভার সম্পাদনের লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ দ্রুত স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। সুন্দলপুর-৩ কূপের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ দ্রুততম সময়ের মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১২। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বাপেক্স ভবনের ছাদে থান্ডার অ্যারেস্টার (Thunder Arrestor) স্থাপনের লক্ষ্যে একটি দরপত্র আহ্বান করা হয়েছে। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনে স্থাপিত লিফটের (Elevator) বিভিন্ন যন্ত্রাংশের ব্যবহারকাল বা মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির কার্যক্রম চলমান আছে। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক | ১। বাপেক্স ভবনের নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ড প্রতিরোধে নিয়মিত তদারকি ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। দ্রুততম সময়ের মধ্যে বাপেক্স ভবনের ছাদে থান্ডার অ্যারেস্টার (Thunder Arrestor) স্থাপন করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) ও উপমহাব্যবস্থাপক (এইচএসই) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (এইচএসই) জানান যে, গত ২০ নভেম্বর ২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে নিরাপত্তা সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় কেপিআই (KPI) স্থাপনার জন্য একটি হটলাইন নম্বর (Hotline Number) চালুকরণ, অগ্নিকাণ্ডের বিষয়ে প্রশিক্ষণ ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং ডি-নথির ডকুমেন্টস ব্যাকআপ (Backup) সংরক্ষণসহ আরও কিছু নির্দেশনা প্রদান করা হয়েছে। মহাব্যবস্থাপক (উৎপাদন) বাপেক্সের কেপিআই স্থাপনার জন্য একটি হটলাইন নম্বর চালুকরণের বিষয়ে দিকনির্দেশনা কামনা করেন। মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে ফোকাল পয়েন্ট হিসেবে এবং উৎপাদন ফিল্ডসমূহের জন্য মহাব্যবস্থাপক (উৎপাদন), সেইফটির জন্য উপমহাব্যবস্থাপক (এইচএসই) ও নিরাপত্তা বিষয়ে উপমহাব্যবস্থাপক (সেবা)-এর অনলাইন নম্বর সংযুক্ত করার পরামর্শ প্রদান করেন। এ ছাড়াও, ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ডের বিষয়ে নিয়মিত তদারকপূর্বক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং লিফটের যন্ত্রাংশের মেয়াদ খতিয়ে দেখে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ৩। বাপেক্স ভবনে স্থাপিত লিফটের (Elevator) বিভিন্ন যন্ত্রাংশের ব্যবহারকাল বা মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় প্রতিস্থাপন বা মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বাপেক্সের ইনসিডেন্ট রিপোর্টিং হটলাইন (Hotline Number) পরিচালনার লক্ষ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে ফোকাল পয়েন্ট এবং উৎপাদন ফিল্ডসমূহের জন্য মহাব্যবস্থাপক (উৎপাদন), সেইফটির জন্য উপমহাব্যবস্থাপক (এইচএসই) ও নিরাপত্তা বিষয়ের জন্য উপমহাব্যবস্থাপক (সেবা)-এর মোবাইল নম্বরসমূহ অন্তর্ভুক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | ৩। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) ও উপমহাব্যবস্থাপক (সেবা)<br>৪। মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (উৎপাদন) ও উপমহাব্যবস্থাপক (এইচএসই) |
| ১৩। | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ। | ১৩.১। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, কাপাসিয়ায় ভূপদার্থিক বিভাগের মালামাল (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে), পরীক্ষাগার বিভাগের মালামাল এবং জিওলজিক্যাল পার্টির মালামাল সংরক্ষণের জন্য একটি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের লক্ষ্যে গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। উক্ত কমিটির চূড়ান্ত প্রতিবেদন ২০ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে দাখিল করা হবে বলে আশা করা যায়। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল এবং কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে এবং কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৩.২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান যে, বাপেক্সের রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন এবং পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপসমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের উদ্যোগ নেওয়া হয়েছে। এ লক্ষে ৮টি দরপত্রের মধ্যে ৪টি দরপত্রের বিপরীতে ইতোমধ্যে ক্রয়াদেশ (Purchase Order) ইস্যু করা হয়েছে এবং ৩টি ক্রয়াদেশের বিপরীতে এলসি (L/C) সম্পন্ন হয়েছে। অপরটির জন্য জনতা ব্যাংকে পত্র প্রেরণ করা হয়েছে এবং অবশিষ্ট ৪টি দরপত্র বাতিল করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক ২ডি কূপ খনন ও পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপসমূহের ওয়ার্কওভারের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয়ের বিষয়ে একমত পোষণ করেন। এ ছাড়াও, তিনি প্রকল্পসমূহের | ১। বাপেক্সের নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় ন্যূনতম ২টি কূপ খনন এবং পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপসমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | মালামাল যথাসময়ে ক্রয় করার নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৩.৩। বিভাগীয় প্রধান (চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়) জানান যে, সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে স্থানীয় ক্রয় উপবিভাগের মাধ্যমে গত ২১ ডিসেম্বর ২০২৫ তারিখে ই-জিপি (e-GP) সিস্টেমে দরপত্র আহ্বান করা হয়েছে। উক্ত দরপত্র আগামী ০১ জানুয়ারি ২০২৬ তারিখে উন্মোচন করা হবে বলে আশা করা যায়। ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ের মধ্যে সোলার প্যানেল স্থাপনের কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ১। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ে সোলার প্যানেল স্থাপন করতে হবে। | ১। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স |
| | | ১৩.৪। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, আইনি মতামত গ্রহণপূর্বক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানায় পাওয়ার যৌক্তিকতা তুলে ধরে গত ০৭ অক্টোবর ২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে পেট্রোবাংলার সাথে এ বিষয়ে নিবিড় যোগাযোগ অব্যাহত আছে। তিনি আরও জানান যে, সম্প্রতি নাইকো (Niko) হতে একটি পত্র পাওয়া গেছে; উক্ত পত্রের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ বজায় রাখার নির্দেশনা প্রদান করেন। | ১। ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| | | ১৩.৫। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ)-এর অর্থায়নে বাস্তবায়িত বা সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাবনাটি আরও যৌক্তিকভাবে উপস্থাপনের লক্ষ্যে প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব প্রেরণ করা অত্যন্ত জরুরি। তাই তিনি জিডিএফ-এর অর্থায়নে বাস্তবায়িত বা সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের বিষয়ে পরিচালনা পর্ষদের ৫১২তম সভায় একটি কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। জিডিএফ-এর অর্থায়নে বাস্তবায়িত বা সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের বিষয়ে পরিচালনা পর্ষদের ৫১২তম সভায় একটি কার্যপত্র উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৩.৬। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, আসবাবপত্র ক্রয়ের নতুন নীতিমালা প্রণয়ন না হওয়ায় বাপেক্সে দীর্ঘদিন যাবত আসবাবপত্র ক্রয় কার্যক্রম বন্ধ রয়েছে। বর্তমানে চাহিদার আলোকে প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের জন্য আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, ৩৬তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই ২৬টি চেয়ার মেরামত করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক সরকারের কৃচ্ছ্রতাসাধন নীতিমালার বিষয়টি বিবেচনায় নিয়ে মেরামতযোগ্য আসবাবপত্র মেরামত করে পুনরায় ব্যবহারের পরামর্শ প্রদান করেন। | ১। বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের জন্য আসবাবপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সরকারের কৃচ্ছ্রতাসাধন নীতিমালা অনুসরণপূর্বক বাপেক্সের সকল মেরামতযোগ্য আসবাবপত্র মেরামত করে পুনরায় ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (সেবা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৩.৭। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্সের গাড়িসমূহের অর্থ মন্ত্রণালয়ের অনুকূলে কোড বা রেজিস্ট্রেশন না থাকায় রেজিস্ট্রি ফি, ট্যাক্স টোকেন, ফিটনেস ফি ইত্যাদি পরিশোধ করা যাচ্ছেনা। ইউনিক কোড প্রাপ্তির লক্ষ্যে অর্থ বিভাগের সংশ্লিষ্ট ডেস্ক অফিসারের সাথে যোগাযোগ করা হয়েছে। বর্তমানে IBAS++ সেল এ প্রেরণ করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে ইউনিক কোড পাওয়া যাবে বলে আশা করা যায়। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বাপেক্সের ২টি গাড়ি মেরামতের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক উক্ত নথি উপস্থাপনের ভিত্তি জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, গাড়ির আয়ুষ্কাল (Expiry Date) এবং মেরামত ব্যয়ের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়েছে। মহাব্যবস্থাপক (প্রকৌশল) আরও জানান যে, আরও কিছু গাড়ি মেরামতের সুযোগ রয়েছে যার জন্য কারিগরি সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) প্রয়োজন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক গাড়িসমূহের রেজিস্ট্রেশন বা কোড প্রাপ্তির বিষয়ে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন। এ ছাড়াও তিনি মেরামতযোগ্য গাড়িসমূহের মধ্য হতে অগ্রাধিকার ভিত্তিতে কমপক্ষে ২টি গাড়ি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। | ১। বাপেক্সের গাড়িসমূহের সরকারি রেজিস্ট্রেশন বা ইউনিক কোড প্রাপ্তির লক্ষ্যে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২। বাপেক্সের মেরামতযোগ্য গাড়িসমূহের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে দ্রুততম সময়ের মধ্যে কমপক্ষে ২ (দুই)টি গাড়ি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | ১৩.৮। ব্যবস্থাপনা পরিচালক শ্রীকাইল-৫ মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খননকালে উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে গঠিত মনিটরিং কমিটির কার্যপরিধি (ToR)-তে "প্রকল্পের আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা অনুযায়ী কূপ খনন কাজ সম্পন্ন হচ্ছে কি না সেটি তদারকি করা"---বিষয়টি অন্তর্ভুক্তপূর্বক দ্রুত সংশোধিত দপ্তর আদেশ জারি করা হয়েছে কি না জানতে চান। জবাবে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, উক্ত বিষয়ে সংশোধিত দপ্তর আদেশ জারির বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ের মধ্যে সংশোধিত দপ্তর আদেশ জারি করার চূড়ান্ত নির্দেশনা প্রদান করেন। | ১। শ্রীকাইল-৫ মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খননকালে উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে গঠিত মনিটরিং কমিটির কার্যপরিধি (ToR)-তে "প্রকল্পের আর্থিক/প্রশাসনিক বা কাজের শৃঙ্খলা অনুযায়ী কূপ খনন কাজ সম্পন্ন হচ্ছে কি না সেটি তদারকি করা"-বিষয়টি অন্তর্ভুক্তপূর্বক দ্রুততম সময়ের মধ্যে সংশোধিত দপ্তর আদেশ জারি করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br><br>২। মহাব্যবস্থাপক (খনন) ও প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প। |
| | | ১৩.৯। বিভাগীয় প্রধান (আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম) জানান যে, বাপেক্সের আমদানিকৃত মালামাল, যন্ত্রপাতি ও পণ্যের ক্ষেত্রে এসআরও (SRO) সুবিধা সময়মতো না পাওয়া এবং বন্দর হতে খালাসে বিলম্বের কারণে অত্যধিক কাস্টমস ডিউটি (Customs Duty) ও ডেমারেজ (Demurrage) পরিশোধ করায় বাপেক্স আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই, বাপেক্সের আমদানিতব্য আইটেমসমূহের অনুকূলে দ্রুততম সময়ে এসআরও (SRO) সুবিধা নিশ্চিত করা এবং বন্দর হতে দ্রুত মালামাল খালাস করা অতীব জরুরি। ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে এসআরও সুবিধা দ্রুত | ১। বাপেক্সের আমদানিতব্য মালামাল ও যন্ত্রপাতির অনুকূলে দ্রুততম সময়ের মধ্যে এসআরও (SRO) সুবিধা নিশ্চিত করা এবং বন্দর হতে দ্রুত মালামাল খালাসের মাধ্যমে ডেমারেজ (Demurrage) পরিহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)<br><br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br><br>৩। বিভাগীয় প্রধান, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম<br><br>৪। উপমহাব্যবস্থাপক (অর্থ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রাপ্তি এবং মালামাল খালাসের যাবতীয় প্রতিবন্ধকতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৩.১০। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সে নবযোগদানকৃত ৬৯ জন কর্মকর্তাকে কোম্পানির মূলধারার কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা সম্পর্কে জানতে চান। মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, ওরিয়েন্টেশন প্রোগ্রামের মাধ্যমে তাদেরকে বাপেক্সের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়েছে এবং প্রোগ্রাম শেষে যথাযথভাবে পদায়ন করা হয়েছে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) উল্লেখ করেন যে, নবযোগদানকৃত কর্মকর্তাদের অনেকের বসার স্থান (ডেস্ক) ও কম্পিউটারের সংস্থান না হওয়ায় তারা দাপ্তরিক কাজ যথাযথভাবে সম্পাদন করতে পারছেন না। ব্যবস্থাপনা পরিচালক বিষয়টি দ্রুত সমাধানের লক্ষ্যে নবযোগদানকৃত কর্মকর্তাদের বসার স্থান এবং কম্পিউটার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাব্যবস্থাপক (নির্মাণ), উপমহাব্যবস্থাপক (নির্মাণ), উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা), উপমহাব্যবস্থাপক (সেবা) এবং উপমহাব্যবস্থাপক (ড্রিলিং সেন্ট্রাল অটোমোবাইলস, ইলেকট্রিক্যাল ওয়ার্কশপ এন্ড সেন্ট্রাল মেশিনশপ)-এর সমন্বয়ে একটি কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্সে নবযোগদানকৃত কর্মকর্তাদের বসার স্থান (Workstation) এবং কম্পিউটার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে: মহাব্যবস্থাপক (নির্মাণ), উপমহাব্যবস্থাপক (নির্মাণ), উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা), উপমহাব্যবস্থাপক (সেবা) এবং উপমহাব্যবস্থাপক (ড্রিলিং সেন্ট্রাল অটোমোবাইলস, ইলেকট্রিক্যাল ওয়ার্কশপ এন্ড সেন্ট্রাল মেশিনশপ)<br>উক্ত কমিটি দ্রুততম সময়ের মধ্যে কর্মকর্তাগণের কর্মপরিবেশ নিশ্চিতকরণে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৭/২০২৫

প্রকৌশলী মোঃ ফজলুল হক
সভাপতি, মাসিক সমন্বয় সভা এবং
ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ............................................................বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক .......................................................বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক.......................................বাপেক্স।
৪) অফিস কপি।